

## ঢাকা ওয়াসা

- ১) ২০২৫-২৬ ইং অর্থ বছরে মডস জোন-৬ এর অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি
- ২) পূর্বানুমোদিত দরের কপি।
- ৩) প্রাক্কলণ।

**বিষয়: Repair-maintenance of different dia water line to prevent water line leakage/ removing dirty water problem/ resolve no water complaint and related works at DMA-607,609 & 614 area under MODS Zone-6 Dhaka WASA.**

**অনুচ্ছেদ: ১.০**

মডস জোন-৬ ঢাকা ওয়াসার অন্যতম বৃহত্তম জোন। অত্র জোনের আওতাধীন মাননীয় প্রধান উপদেষ্টার বাসভবন, প্রধান বিচারপতির বাসভবন, দেশের সর্বোচ্চ আদালত, বাংলাদেশের রাষ্ট্রীয় অতিথি ভবন, সচিবালয়, ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল, পিজি হাসপাতাল, বারডেম হাসপাতাল সহ বহু এলাকা রয়েছে। বর্ণিত এলাকায় ১১৯ টি গভীর নলকূপ কম্পাউন্ডে বিদ্যমান মোট ১৭৩ টি গভীর নলকূপ এর মাধ্যমে পানি সরবরাহ করা হয়। উল্লেখ্য এলাকা সমূহ হতে প্রায়শই পানির লাইন লিকেজ হয়ে প্রচুর পানির অপচয় হয়ে থাকে। পানির লাইনের লিকেজ হলে গ্রাহকগণ ঢাকা ওয়াসার কলসেন্টার ১৬১৬২/মডস জোনের অভিযোগ কেন্দ্র/ লিখিত অভিযোগসহ বিভিন্ন মাধ্যমে জানিয়ে থাকেন। তদপেক্ষিতে অভিযোগের ভিত্তিতে জরুরী পানির লাইনের লিকেজ মেরামত করতে হয়। লিকেজ মেরামতে বিলম্ব হলে লিকেজ পয়েন্টের মাধ্যমে ঢাকা ওয়াসার সরবরাহ লাইনে ময়লা প্রবেশ করে যা সার্ভিস লাইনের মাধ্যমে গ্রাহক পর্যায়ে ময়লা ও দূষিত পানি পাওয়ার মূল কারণ হিসাবে চিহ্নিত হয়। তাছাড়াও পানির লাইনে লিকেজের কারনে রাস্তায় পানি জমে থাকে ফলে যানচলাচলে বিভিন্ন সমস্যা দেখা দেয় বিধায় জরুরী ভিত্তিতে পানির লাইনের লিকেজ মেরামত করতে হয়। শুষ্ক মৌসুমে পানির চাহিদা বৃদ্ধি পাওয়ার পেক্ষিতে বিভিন্ন স্থানে পানির লাইন কেটে প্রবাহ চেক ও পানির লাইন রক্ষনাবেক্ষনের প্রয়োজন হয়, সেই লক্ষ্যে DMA-607,609 & 614 এর আওতাধীন এলাকায় পানির লাইনের প্রয়োজনীয় মেরামত ও রক্ষনাবেক্ষনের লক্ষ্যে চলতি ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনায় কাজটি অন্তর্ভুক্ত করা হয়েছে।

**অনুচ্ছেদ: ১.১**

উপরোক্ত বর্ণনার আলোকে মডস জোন-৬ এর আওতাধীন এলাকায় সুপেয় পানি সরবরাহ ও পানির লাইন মেরামত-রক্ষনাবেক্ষনের লক্ষ্যে PWD-2023 মোতাবেক একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলণে সর্বমোট ব্যয়ের পরিমান দাঁড়িয়েছে ৪,৯৮,৫১২ (চার লক্ষ আটানব্বই হাজার পাঁচশত বারো) টাকা মাত্র। কাজটি ঢাকা ওয়াসার তালিকাভুক্ত অভিজ্ঞ ঠিকাদারের মাধ্যমে সম্পাদনের নিমিত্তে পিপিএ-২০০৬ ও পিপিআর -২০২৫ এর বিধি ৯০/(৬)(ক) অনুসরনে RFQ পদ্ধতিতে অনুসরনে সম্পন্ন করা যেতে পারে। কাজটি মডস জোন-৬ এর ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-B-12.86.42 (Water Line Maintenance (কোড নং-01-04-001) এ e-GP LTM পদ্ধতিতে সম্পাদনের জন্য অন্তর্ভুক্ত রয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য যে, উক্ত ক্রয় কাজটি সম্পাদনে Procuring Entity (PE) হিসেবে নির্বাহী প্রকৌশলী, মডস জোন-০৬ দায়িত্বপালন করবেন এবং PE কর্তৃক ক্রয় কাজের দরপত্র প্রণয়ন, দরপত্র আহ্বান, NOA ইস্যু এবং চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা সম্পাদিত হবে। অনুমোদিত APP মোতাবেক এবং ঢাকা ওয়াসার ২০০৬ সালের অনুমোদিত Sub-DoFP অনুযায়ী আলোচ্য ক্রয় কাজটির আর্থিক, প্রশাসনিক ও চুক্তি অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

পিপি

**অনুচ্ছেদ: ১.২**

এমতাবস্থায়, উপরোক্ত বিস্তারিত বর্ণনার আলোকে Repair-maintenance of different dia water line to prevent water line leakage/ removing dirty water problem/ resolve no water complaint and related works at DMA-607,609 & 614 area under MODS Zone-6 Dhaka WASA. শীর্ষক কাজটি বাস্তবায়নের নিমিত্তে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য সর্বমোট: ৪,৯৮,৫১২ (চার লক্ষ আটানব্বই হাজার পাঁচশত বারো) টাকা মাত্র এর প্রাক্কলনটি অনুমোদন;

খ) পিপিএ-২০০৬ ও পিপিআর -২০২৫ এর বিধি ৯০/(৬)(ক) অনুসরণে RFQ পদ্ধতিতে অনুসরণে সম্পন্ন করা যেতে পারে।


গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডুস জোন-৬ এর ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- B-12.86.42 (Water Line Maintenance (কোড নং-01-04-001) হতে নির্বাহ করার অনুমোদন।


সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।


  
02.06.26  
জৌকির আহম্মদ চৌধুরী  
উপ-সহকারী প্রকৌশলী  
মডুস জোন-৬, ঢাকা ওয়াসা।


  
02.06.26  
Mohammad Ikhtiar Masud  
Assistant Engineer  
MODS Zone-6, Dhaka WASA

  
02.06.26  
মোঃ আফজাল হোসেন  
নির্বাহী প্রকৌশলী  
মডুস জোন-৬, ঢাকা ওয়াসা

  
06/06/26  
Engr. Md. Firoz Alom  
Superintending Engineer  
MODS Circle-1  
Dhaka WASA

  
02.06.26

  
02.06.26

  
03/06/26  
মিজা গোলাম কিবরিয়া  
উপ-ব্যবস্থাপনা পরিচালক  
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অন্যঃ)  
ঢাকা ওয়াসা।